# কোচিংয়ের নামে ১২ কোটি টাকার দুর্নীতি তদন্তের নির্দেশ দিল মাউশি

নিজস্ব প্রতিবেদক
১৬ সেপ্টেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ১৫ সেপ্টেম্বর ২০১৯ ২৩:৫৯

রাজধানীর মিরপুরে অবস্থিত ঢাকা কমার্স কলেজে কোচিংয়ের নামে প্রতিবছর ১২ কোটি টাকার দুর্নীতির অভিযোগ পাওয়া গেছে। দুর্নীতি দমন কমিশনের চিঠির পরিপ্রেক্ষিতে গতকাল অভিযোগ তদন্তের নির্দেশ দিয়েছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি)।

সরকারি বাঙলা কলেজের অধ্যক্ষ এবং পদার্থবিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধানকে তদন্তের দায়িত্ব দিয়েছে মাউশি। তদন্ত শেষে সুস্পষ্ট মতামতসহ আগামী দশ কর্মদিবসের মধ্যে প্রতিবেদন জমা দিতে হবে।

advertisement